# রাজশাহী বিশ্ববিদ্যালয়

**প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬**

**ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)**

সূত্র: ৪৯/২৬/কঅ/৩২০ তারিখ: ২৯/০১/২০২৬

## চারুকলা অনুষদ, সঙ্গীত বিভাগ ও নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা এবং ইংরেজি, আইন, আইন ও ভূমি প্রশাসন বিভাগের লিখিত পরীক্ষা সংক্রান্ত নোটিশ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় A ইউনিটভুক্ত চারুকলা অনুষদ, সঙ্গীত বিভাগ ও নাট্যকলা বিভাগের ব্যবহারিক এবং ইংরেজি, আইন, আইন ও ভূমি প্রশাসন বিভাগের লিখিত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিম্নবর্ণিত নির্দেশাবলী পালন করার জন্য জানানো যাচ্ছে:

### সঙ্গীত বিভাগ ও নাট্যকলা বিভাগ

আগামী ০১, ০২, ০৩ ফেব্রুয়ারি ২০২৬ সঙ্গীত বিভাগ ও নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা সংশ্লিষ্ট বিভাগে ইতোমধ্যে প্রচারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। নির্বাচিত পরীক্ষার্থীদের ১৭ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত MCQ পরীক্ষার **প্রবেশপত্র ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড** সঙ্গে আনতে হবে।

### ইংরেজি, আইন, আইন ও ভূমি প্রশাসন বিভাগ

আগামী ৭ ফেব্রুয়ারি ২০২৬ সকাল ১১:০০-১২:০০টা পর্যন্ত ইংরেজি, আইন, আইন ও ভূমি প্রশাসন বিভাগের লিখিত পরীক্ষা শহীদুল্লাহ্ কলা ভবন ও সৈয়দ ইসমাঈল হোসেন সিরাজী ভবনে অনুষ্ঠিত হবে। নির্বাচিত পরীক্ষার্থীদের ১৭ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত MCQ পরীক্ষার **প্রবেশপত্র ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড** সঙ্গে আনতে হবে।

### চারুকলা অনুষদ

আগামী ৭ ফেব্রুয়ারি ২০২৬ বিকাল ৩:০০-৪:০০টা পর্যন্ত চারুকলা অনুষদের ব্যবহারিক পরীক্ষা মমতাজ উদ্দিন একাডেমিক ভবন, শহীদুল্লাহ্ কলা ভবন ও সৈয়দ ইসমাঈল হোসেন সিরাজী ভবনে অনুষ্ঠিত হবে। নির্বাচিত পরীক্ষার্থীদের ১৭ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত MCQ পরীক্ষার **প্রবেশপত্র ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড** সঙ্গে আনতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য **কোয়াটার শীট বোর্ড, বোর্ড ক্লিপ (কমপক্ষে দু'টি), পেন্সিল ও ইরেজার** সঙ্গে নিয়ে আসতে হবে। অংকনের ক্ষেত্রে শুধুমাত্র পেন্সিল ও ইরেজার ব্যবহার করা যাবে।

ধন্যবাদান্তে

**(প্রফেসর ড. মোহাম্মদ বেলাল হোসেন)**
ডীন, কলা অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
ও
চীফ কো-অর্ডিনেটর
ইউনিট-A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও
চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা: ২০২৫-২০২৬